

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৩.১৪.১৪৯.২০.১২০

তারিখ: ০৬ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ  
২১ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

### প্রজ্ঞাপন

ভূমি মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন “ভূমি ব্যবস্থাপনা অটোমেশন” প্রকল্পের ভূমি ব্যাবস্থাপনা সংক্রান্ত বিভিন্ন ধরণের ডাটা এন্ট্রির জন্য প্রকল্পের ডিপিপিতে নির্ধারিত হার ভূমি মন্ত্রণালয়ের পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা-২ এর গত ২৪.১১.২০২১ তারিখের ৩১.০০.০০০০.০৫৩.১৪.১৪৯.২০.১৮ নং স্মারক পত্রমূলে গঠিত কমিটি’র সুপারিশের ভিত্তিতে মাননীয় মন্ত্রী, ভূমি মন্ত্রণালয় মহোদয়ের অনুমোদনক্রমে নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করা হলো:

ক্র. নং	ডাটার ধরণ	ডাটা এন্ট্রি বাবদ ব্যয় (টাকা)	ডাটা যাচাই বাবদ ব্যয় (টাকা)	ডাটা সত্যায়ন বাবদ ব্যয় (টাকা)	ডাটা এন্ট্রি বাবদ মোট ব্যয় (টাকা)	ডাটা যাচাইকারী	ডাটা সত্যায়নকারী
১.	খতিয়ান (রেকর্ডরূম)	২৫/-	৫/-	৫/-	৩০/-	আরআরডিসি কর্তৃক নির্ধারিত কর্মচারী	আরআরডিসি
২.	মিউটেটেড খতিয়ান	২৫/-	৫/-	৫/-	৩০/-	সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক নির্ধারিত কর্মচারী	সহকারী কমিশনার (ভূমি)
৩.	২ নং রেজিস্টারের হোল্ডিং	৩০/- (রেজিস্টেশন বাবদ ১০/- এবং ডাটা এন্ট্রি বাবদ ২০/- (ইউডিসি/ কোন কম্পিউটার দোকান থেকে রেজিস্টেশন করলে সংশ্লিষ্ট ইউডিসি/ কম্পিউটার দোকান মালিক ১০/- করে পাবে)	-	৫/-	৩০/-	ইউনিয়ন ভূমি উপসহকারী কর্মকর্তা (ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা পদায়িত না থাকলে ইউনিয়ন ভূমি উপসহকারী কর্মকর্তা)	ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা পদায়িত না থাকলে ইউনিয়ন ভূমি উপসহকারী কর্মকর্তা)
৪.	জলমহাল সংক্রান্ত ডাটা	২০/-	৫/-	৫/-	৩০/-	আরডিসি কর্তৃক নির্ধারিত কর্মচারী	আরডিসি
৫.	বালুমহাল সংক্রান্ত ডাটা	২০/-	৫/-	৫/-	৩০/-	ঐ	আরডিসি
৬.	চা বাগান লিজ সংক্রান্ত ডাটা	২০/-	৫/-	৫/-	৩০/-	ঐ	আরডিসি
৭.	লবণ মহাল সংক্রান্ত ডাটা	২০/-	৫/-	৫/-	৩০/-	ঐ	আরডিসি
৮.	চিংড়ি মহাল সংক্রান্ত ডাটা	২০/-	৫/-	৫/-	৩০/-	ঐ	আরডিসি
৯.	হাটবাজারসহ অন্যান্য সাম্যরাত মহাল সংক্রান্ত ডাটা	২০/-	৫/-	৫/-	৩০/-	ঐ	আরডিসি
১০.	খাস জমি সংক্রান্ত ডাটা	১৫/-	৫/-	৫/-	২৫/-	ঐ	আরডিসি
১১.	ভূমি অধিগ্রহণ কেসের ডাটা	২৫/-	১০/-	৫/-	৪০/-	এলএও কর্তৃক নির্ধারিত কর্মচারী	এলএও
১২.	প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য ডাটা	১৫/-	৫/-	৫/-	২৫/-	সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক নির্ধারিত কর্মচারী	সংশ্লিষ্ট কর্মকর্তা

“জাতিসংঘ পাবলিক সার্ভিস পদক ২০২০”-এ ভূমি মন্ত্রণালয় ভূষিত

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

**শর্তসমূহ:**

- (১) ডাটা এন্ট্রির এ হার গত ১২/১২/২০২১ তারিখ হতে কার্যকর করা হলো। উক্ত তারিখের পূর্বে এন্ট্রিকৃত ডাটার ক্ষেত্রে ডাটা এন্ট্রিকারী ও যাচাইকারীগণ পূর্বের নির্ধারিত হারে পারিশ্রমিক প্রাপ্তি হবেন। সংশ্লিষ্ট কর্মকর্তা বিষয়টি নিশ্চিত করবেন।
- (২) আউটসোর্সিং এর মাধ্যমে ডাটা এন্ট্রি করা যাবে;
- (৩) প্রকল্প থেকে ডাটা এন্ট্রি খাতে পূর্বের ছাড়কৃত টাকার হিসাব প্রেরণ করতে হবে;
- (৪) মন্ত্রণালয়ের নির্দেশনা ছাড়া ভিন্ন কোন খাতের ডাটা এন্ট্রি দেখিয়ে কোন টাকা উত্তোলন করা যাবে না;
- (৫) ডাটা এন্ট্রির সকল খরচের যাবতীয় বিল-ভাউচার সংরক্ষণযোগ্য ও ভূমি মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক নিরীক্ষাযোগ্য;
- (৬) প্রতিবার অর্থ ছাড়ের খাতভিত্তিক হিসাব পৃথক পৃথকভাবে নির্ধারিত ছকে প্রদর্শনসহ অব্যায়িত অর্থের হিসাব প্রকল্প কার্যালয়ের চাহিদা মোতাবেক ফেরত প্রদান করতে হবে; এবং
- (৭) ডাটা এন্ট্রির এ হার শুধুমাত্র ‘ভূমি ব্যবস্থাপনা অটোমেশন’ প্রকল্পের জন্য প্রযোজ্য হবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

২১/১২/২০২১

প্রদীপ কুমার দাস

অতিরিক্ত সচিব (উন্নয়ন)

ফোন: ৯৫৪০০৩৭

ই-মেইল: [dev@minland.gov.bd](mailto:dev@minland.gov.bd)

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৩.১৪.১৪৯.২০.১২০

তারিখ: ০৬ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ  
২১ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যোত্তর ক্রমানুসারে নয়):**

১. চেয়ারম্যান, ভূমি আগীল বোর্ড, ২য় ১২তলা সরকারি ভবন (৮ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
২. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ৯৮ শহীদ তাজউদ্দীন আহমদ সরণি, তেজগাঁও, ঢাকা।
৩. মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ৯৮ শহীদ তাজউদ্দীন আহমদ সরণি, তেজগাঁও, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. বিভাগীয় কমিশনার..... (সকল)।
৬. প্রকল্প পরিচালক, ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প, ৯৮ শহীদ তাজউদ্দীন আহমদ সরণি, তেজগাঁও, ঢাকা।
৭. সেল প্রধান (উপসচিব), ভূমি সেবা ডিজিটাইজেশন সেল, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. উপসচিব, পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা-১, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. জেলা প্রশাসক..... (সকল) [পার্বত্য জেলা ব্যতীত]।
১০. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. চীফ একাউন্টেস এন্ড ফাইন্যান্স অফিসার, চীফ একাউন্টেস এন্ড ফাইন্যান্স অফিসারের কার্যালয়, ভূমি মন্ত্রণালয়, ৭১, পুরানা পাস্টন, ঢাকা।
১৩. সিটেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশসহ সকল বিভাগীয় কমিশনার, সকল জেলা প্রশাসক (পার্বত্য জেলা ব্যতীত) ও সকল সহকারী কমিশনার (ভূমি) (পার্বত্য জেলা ব্যতীত) বরাবর ই-মেইলের মাধ্যমে প্রেরণের অনুরোধসহ]।
১৪. উপজেলা নির্বাহী অফিসার ..... (সকল) [পার্বত্য জেলা ব্যতীত]।
১৫. সহকারী কমিশনার (ভূমি) .....(সকল) [পার্বত্য জেলা ব্যতীত]।
১৬. অফিস নথি/মাস্টার নথি।

প্রদীপ কুমার দাস  
অতিরিক্ত সচিব